

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৬৯৯

মোহনপুর, ১৭ নভেম্বর, ২০২৩

২২ নভেম্বর হেজামারা ইলেক্ট্রনিক যুব উৎসব

হেজামারা মাল্টিপারপাস কমিউনিটি হলে আগামী ২২ নভেম্বর হেজামারা ইলেক্ট্রনিক যুব উৎসব অনুষ্ঠিত হবে। এই উপলক্ষ্যে সম্প্রতি হেজামারা বিএসি হলে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন হেজামারা বিএস'র চেয়ারম্যান সুনীল দেববর্মা, বিডিও ওবেদ দালাং, অতিরিক্ত বিডিও মানিক দেববর্মা, বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ, বিভিন্ন ভিলেজের সচিবগণ সহ বিভিন্ন ক্লাব ও সাংস্কৃতিক সংস্থার প্রতিনিধিগণ। সভায় সিদ্ধান্ত নেওয়া হয়, আগামী ২২ নভেম্বর হেজামারা মাল্টিপারপাস কমিউনিটি হলে হেজামারা ইলেক্ট্রনিক যুব উৎসব অনুষ্ঠিত হবে। যুব উৎসবে লোক সঙ্গীত, লোকনৃত্য, গল্প লেখা, পোষ্টার লেখা, আবৃত্তি, ফটোগ্রাফি, বক্তৃতা, হস্তকারণ শিল্প, বয়ন শিল্প, কৃষি পণ্য প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। তাছাড়া অনুষ্ঠানে নেশামুক্তি ত্রিপুরা, এইডস নিয়ন্ত্রন, প্লাস্টিক বিরোধী অভিযান সহ বিভিন্ন বিষয়ে আলোচনা করা হবে। এই যুব উৎসবকে সুন্দর ও সফল করে তোলার জন্য একটি মূল কমিটি ও বিভিন্ন উপকমিটি গঠন করা হয়েছে।
